

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২২২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন ইমাম না আসতে পারবে, তখন মুক্তাদীগণের প্রতি নির্দেশ হলো ইমামতি করার জন্য তারা তাদের একজনকে সামনে এগিয়ে দিবে

ذِكْنُ الْأَمْرِ لِلْقَوْمِ إِذَا احْتَبَسَ عَنهُمْ إِمَامُهُمْ أَنْ يُقَدِّمُوا رَجُلًا يُصلِّي بِهِمْ

আরবী

2222 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّنَنَا عُقْبَةُ بْنُ مُكْرَمٍ أَخْبَرَنَا يُونُسُ بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا جَعْفَرُ بْنُ بُرْقَانَ عَنِ الزُّهْرِيِّ عَنْ حَمْزَةَ وَعُرْوَةَ ابْنَيِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ عَنْ أَبِيهِمَا الْمُغِيرَةِ قَالَ: تَبَرَّزَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ جَاءَ فَأَفْرَغْتُ عَلَيْهِ مِنَ الْإِدَاوَةِ الْمُغِيرَةِ قَالَ: تَبَرَّزَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ جُبَّةٍ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ صوفٌ رُوميَّةٌ ـ فَأَدْخَلَ يَدَهُ فِي فُرُوجٍ كَانَ فِي خَصْرِهَا فَغَسَلَهُمَا إِلَى وَسَلَّمَ وَهِيَ صوفٌ رُوميَّةٌ ـ فَأَدْخَلَ يَدَهُ فِي فُرُوجٍ كَانَ فِي خَصْرِهَا فَغَسَلَهُمَا إِلَى الْمِرْفَقَيْنِ وَمَسَحَ بِرَأْسِهِ وَمَسَحَ عَلَى خُفَيْهِ ثُمَّ أَقْبَلَ وَأَنَا مَعَهُ فَوَجَدَ النَّاسَ فِي الصَّلَاةِ الْمِرْفَقَيْنِ وَمَسَحَ بِرَأْسِهِ وَمَسَحَ عَلَى خُفَيْهِ ثُمَّ أَقْبَلَ وَأَنَا مَعَهُ فَوَجَدَ النَّاسَ فِي الصَّلَاةِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَي الصَّلَاةِ فَعَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسُ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَا مَعَ عَبْدِ الرَّحْمَنِ الثَّانِيَةَ فَلَمَّا سَلَّمَ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاكَمَ وَسَلَّمَ فَاكَرَعُ النَّاسُ لِذَلِكَ فَلَمَا اللَّهَ صَلَّى اللَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاكَ (قَدْ أَصَبْتُمْ وَأَحْسَنَتُمْ إِذَا احْتَبَسَ إِمَامُكُمْ وَحَضَرَتِ الصلاة فَصَى رَسُولُ اللَّهِ صَلَّى السَّهُ وَسَلَّمَ وَاللَهُ وَسَلَّمَ وَالْمَكُمْ وَحَضَرَرَتِ الصلاة فقدموا رجلا يؤمكم)

الراوي: الْمُغِيرَة بْن شُعْبَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2222 | خلاصة حكم المحدث: صحيح دون قوله المذكور ـ (صحيح أبى داود)) (136).

قَصَّرَ جَعْفَرُ بْنُ بُرْقَانَ فِي سَنَدِ هَذَا الْخَبَرِ وَلَمْ يَذْكُرْ عَبَّادَ بْنَ زِيَادٍ فِيهِ لِأَنَّ الزُّهْرِيُّ سَمِعَ هَذَا الْخَبَرَ مِنْ عَبَّادِ بْنِ زِيَادٍ عَنْ عُرْوَةَ بْنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ وَسَمِعَهُ عَنْ حَمْزَةَ بْنِ



## الْمُغِيرَةِ عَنْ أَبِيهِ قَالَهُ أَبُو حَاتِمٍ.

## বাংলা

২২২২. মুগীরা বিন শু'বাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাজত সেরে আসেন, অতঃপর আমি পাত্র হতে তাঁর হাতের উপর পানি দেলে দেই। তিনি তাঁর মুখ ধৌত করেন। তারপর তিনি হাত থেকে জামা গুটিয়ে নিতে চান, কিন্তু তাঁর অন্তিন সংকুচিত হয়ে যায়, সেটা রুমের পশমী কাপড়ের ছিল। ফলে তিনি জামার মাঝের ফাঁকা দিয়ে হাত ঢুকান। তারপর কনুই পর্যন্ত হাত ধৌত করেন এবং মাথা মাসেহ করেন। তারপর তাঁর মোজার উপর মাসেহ করেন। অতঃপর অগ্রসর হন, আমিও তাঁর সাথে চলি। তারপর তিনি লোকদেরকে সালাতে পান। অতঃপর তিনি কাতারে দাঁড়িয়ে যান, এসময় আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাহু আনহু তাদের ইমামতি করছিলেন। আমরা তাদেরকে এমন অবস্থায় পাই যে, আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাহু আনহু তাদের নিয়ে এক রাকা'আত সালাত সম্পন্ন করে ফেলেছেন।

অতঃপর আমরা আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাভ্ আনভ্র পিছনে দ্বিতীয় রাকা আত সালাত আদায় করি। তারপর আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাভ্ আনভ্ সালাম ফেরালে রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম উঠে বাকী সালাত পূর্ণ করেন। এতে মুসলিমগণ ভীত হয়ে পড়েন। অতঃপর রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম যখন সালাম ফেরালেন, তখন তাদেরকে বললেন, "তোমরা সঠিক কাজ করেছো এবং ভালো করেছো। যখন তোমাদের ইমাম না আসতে পারবে, আর সালাতের সময় হয়ে যাবে, তখন ইমামতি করার জন্য একজনকে সামনে এগিয়ে দিবে।" [1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "জা'ফর বিন বুরকান হাদীসটির সানাদ সংক্ষিপ্তভাবে বর্ণনা করেছেন; তিনি সানাদে আব্বাদ বিন যিয়াদের নাম উল্লেখ করেন নাই। কেননা ইমাম যুহরী রহিমাহুল্লাহ হাদীসটি আব্বাদ বিন যিয়াদের কাছ থেকে শ্রবণ করেছেন, তিনি উরওয়া বিন মুগীরা বিন শু'বাহ থেকে বর্ণনা করেছেন। তিনি হামযা বিন মুগীরা বিন শু'বাহ থেকেও হাদীসটি শ্রবণ করেছেন।"

## ফুটনোট

[1] আবূ দাউদ: ১৪৯; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১৪৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৪৮; আবূ আওয়ানা: ২/২১৫; তাবারানী: ২০/৮৮০; মুসনাদ আহমাদ: ৪/২৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির বর্ধিত বক্তব্য ছাড়া বাকী অংশ সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন